

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
ওমরাহ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৪৫২/২০১৩/২২৪

তারিখ:

০৭ শ্রাবণ ১৪২৮  
২২ আগস্ট ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে আল নূর ট্রাভেলস (হজ লাইসেন্স নং-০২৫), হাজী জামির আশিয়া প্লাজা (১ম তলা), ২৩০/২৫০, ডি.টি রোড, দেওয়ান হাট, চট্টগ্রাম এবং এম.জি.ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১৩১৬), ২১ তোপখানা রোড, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। “যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মো: রবিউল আলম, কাজী আবুল কালাম, মো: নানু মিয়া ও মো: ইউনুচ মিয়া কাউন্সেলর (হজ), মক্কা-আল মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপভাবে অভিযোগ দাখিল করেছেন;

“হোটেলের মান-সম্মত নয় এবং আবাসিক ব্যবস্থাও স্বাস্থ্যসম্মত নয়।” এবং

০৪। যেহেতু, আপনি অভিযোগকারীর নিকট প্রতিশ্রুতি দিয়ে রক্ষা করেননি এবং প্রতারণার আশ্রয় নিচ্ছেন।

০৭। যেহেতু, এই ধরনের প্রতারণামূলক কার্যক্রমের জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৮। সেহেতু, হজযাত্রীর সাথে প্রতারণামূলক আচরণের জন্য কেন আপনার এজেন্সির বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার জবাব আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নিদেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২২.০৮.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

বিতরণ:

১. জনাব মোহাম্মদ শরিয়ত উল্লাহ, স্বত্বাধিকারী, আল নূর ট্রাভেলস (হজ লাইসেন্স নং-০২৫), হাজী জামির আশিয়া প্লাজা (১ম তলা), ২৩০/২৫০, ডি.টি রোড, দেওয়ান হাট, চট্টগ্রাম।
২. জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, ম্যানেজার, এম.জি.ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১৩১৬), ২১ তোপখানা রোড, ঢাকা-১০০০।

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-৪৫২/২০১৩/২২৪

তারিখ:

০৭ শ্রাবণ ১৪২৮  
২২ আগস্ট ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি [www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. অফিস কপি

২২.০৮.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব